মন্ত্রিপরিষদ বিভাগের নভেম্বর ২০২০ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর **২০২০** **প্রতিবেদন** প্রস্তুতের তারিখ: ১৫ ডিসেম্বর **২০২০**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৬	২৭২	১৪৪
অধিদপ্তর/সংস্থা/ সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,০২২	১,০৭৬
মোট	২,৫১৪	১,২৯৪	১,২২০

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্তসচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩২	৩৪	৪১	৩৭	১৪৪
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৬	৩৩৬	২৩১	১৪৩	১,০৭৬*
মোট	-	-	৩৯৮	৩৭০	২৭২	১৮০	১,২২০

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	

মন্ত্রিপরিষদ বিভাগ	৫	-	৫	১	-	১	প্রশাসনিক কর্মকর্তা পদে ৩ জন ও ব্যক্তিগত কর্মকর্তা পদে ২ জনকে পদোন্নতি দেওয়া হয় এবং সহকারী সিস্টেম এনালিস্ট পদে ১ জনকে নতুন নিয়োগ প্রদান করা হয়।
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		**প্রতিমন্ত্রী/উপমন্ত্রী**		**মন্ত্রিপরিষদ সচিব**		**মন্তব্য**
	দেশে	**বিদেশে**	**দেশে**	**বিদেশে**	**দেশে**	**বিদেশে**	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১	-	২১ নভেম্বর ২০২০ তারিখ পদ্মা বহুমুখী সেতু প্রকল্প পরিদর্শন করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	**মন্তব্য**
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**

Support to the Central Management Committees (CMC) Policy Guidance on Child Component of the NSSS	ডিপিএ: ৯৫.০০ জিওবি: ৬.০০ মোটঃ ১০১.০০	৮.১২ (৮.০০ শতাংশ)	-	-	-
Promoting Nutrition-Sensitive Social Security Programmes	ডিপিএ: ৩৫.০০ জিওবি: ০.০০ মোটঃ ৩৫.০০	২.৩৬ (৬.৭৪ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase)	ডিপিএ: ০.৩৯ জিওবি: ০.১০ মোটঃ ০.৪৯	০.০৯ (১৮.১৮ শতাংশ)	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটেজবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১৩টি	০.৩৯৫	০৬	-	০৭টি	৭টি অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে ১টি মামলা হয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহাকরী জজ আদালতে বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১০টি	২২৮.৩৭	-	-	১০টি	-
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৭টি**	**৯১৫.৫৩৫**	**১০**	-	**২১টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা:**নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-২	১	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-২৬	-	-	-	-	২৬	৭
মোট=২৮	১	-	-	-	২৯	৭

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ অধিশাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদবিভাগ	১।	'Pandemics and Public Policy' শীর্ষক অনলাইনভিত্তিক Short কোর্সে অংশগ্রহণ	২৪ অক্টোবর ২০২০ হতে ১১ নভেম্বর ২০২০	জনপ্রশাসন মন্ত্রণালয়	**০১ জন** জনাব মোঃ সাবিরুল ইসলাম যুগ্মসচিব (জেলা ম্যাজিস্ট্রেসি)
		'Planning and Development' শীর্ষক অনলাইনভিত্তিক কোর্সে অংশগ্রহণ	০৮ নভেম্বর ২০২০ হতে ২৬ নভেম্বর ২০২০	জনপ্রশাসন মন্ত্রণালয়	**০১ জন** তানবীর মোহাম্মদ আজিম সিনিয়র সহকারী সচিব (সরকার গঠন ও রাষ্ট্রাচার)

দুর্নীতি দমন কমিশন	১।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২-৩ নভেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	২।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৪-৫ নভেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৩।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৮-৯ নভেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৪।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১১-১২ নভেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৫।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১৫-১৬ নভেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৬।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১৮-১৯ নভেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বছরে ৬০ ঘণ্টা) চলমান রয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নাই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নাই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নাই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক পাঁচটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি; সচিব সভা, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত কারিগরি কমিটির দুইটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত পনেরটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ৪০টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১৮টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে ২২টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র ভার্চুয়াল সভা ২ নভেম্বর ২০২০ এবং ২৩ নভেম্বর ২০২০ তারিখে জুম অ্যাপের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

(৪) ‘পুরাতন ঢাকায় বিদ্যমান কেমিক্যাল গোডাউন ও প্লাস্টিক কারখানা স্থানান্তরসহ সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের সার্বিক বিষয় পর্যালোচনা ও সকল বিস্ফোরক জাতীয় দ্রব্যের সঠিক নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার নিমিত্ত মন্ত্রিসভা কমিটি’ গঠনপূর্বক ১৬ নভেম্বর ২০২০ তারিখে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৫) বাংলাদেশের অকৃত্রিম বন্ধু বাহরাইনের প্রধানমন্ত্রী প্রিন্স খলিফা বিন সালমান আল খলিফার ইন্তেকালে ১৭ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে একদিনের শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। এ উপলক্ষ্যে বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখাসহ মরহুমের রুহের মাগফেরাতের জন্য বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

(৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর Rule 3(iv)-এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ ফরিদুল হক খানকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী পদে নিয়োগ দান করছেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৪ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর Rule 3(iv)-এ প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ ফরিদুল হক খানকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব অর্পণ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৫ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৮) নভেম্বর ২০২০ মাসে সর্বমোট ১৭টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগগুলির বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে ২টি অভিযোগ নিষ্পত্তি করে নথিজাত করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১২টি অভিযোগ নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। নভেম্বর ২০২০ মাসে মোট ১৪টি অভিযোগ নিষ্পত্তি করা হয়।

(১০) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত অক্টোবর দ্বিতীয় ও নভেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(১১) কোভিড- ১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান ও স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে সকল সিনিয়র সচিব/সচিব, বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের আওতায় খাল খনন ও বাঁধ নির্মাণের কারণে বসতবাড়ি ও ফসলি জমি নদীগর্ভে বিলীন হওয়ায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের ক্ষতিপূরণ পাওয়ার লক্ষ্যে সেতু বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) অবৈধ ক্যাবল নেটওয়ার্ক ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) ভুটান থেকে বাংলাদেশে সড়কপথে পণ্য পরিবহনে বিদ্যমান সমস্যা ও সমাধানের সুপারিশের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ ও মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) মহান বিজয় দিবস, ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০ সফল করার জন্য সহযোগিতা প্রদানের লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) তৃতীয় লিঙ্গের মানুষের সার্বিক উন্নয়ন ও সামাজিকীকরণ, পবিত্র কুরআন শিক্ষা ও ধর্মীয় জ্ঞানদান এবং সচেতনতা শিক্ষাদানের জন্য ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৮) নভেম্বর ২০২০ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভা ২২ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

(১৯) দুর্নীতি দমন কমিশন থেকে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী নভেম্বর ২০২০ মাসে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মামলায় ১৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ০১ জনের বিরুদ্ধে এফআরটি দাখিল করা হয়। এছাড়া, ১০৮ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উক্ত বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২০) উপজেলা নির্বাহী অফিসার পদে ৭ বৎসরের অভিজ্ঞ কর্মকর্তাকে পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) বিদেশী নাগরিক কর্তৃক পার্বত্য এলাকায় সফর/ভ্রমণ/পরিদর্শন সংক্রান্ত বিষয়ে বিশেষ নির্দেশনা/প্রেষণ প্রদানের জন্য চট্টগ্রাম বিভাগের জেলাপ্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) রাজবাড়ী জেলা কারাগার পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে জরুরিভিত্তিতে আশু দৃষ্টি আকর্ষণযোগ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৩তম এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(২৪) ১৬ নভেম্বর২০২০ তারিখে ঢাকাসহ সারাদেশে জমি এবং ফ্ল্যাটের বাজার মূল্যের সঙ্গে সরকার নির্ধারিত রেট-এর পার্থক্য নিরসনকল্পে করণীয় সম্পর্কে পঞ্চম সভা আয়োজন করা হয়।

(২৫) ২০ ও ২১ নভেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের P4D প্রকল্পের আওতাভুক্ত প্রত্যেকটি জেলার ৩ জন কর্মকর্তার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি/সার্বিক), সহকারী কমিশনার (আইসিটি) এবং প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার সমন্বয়ে GRS Software বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ আয়োজন করা হয়।

(২৬) ৩-১৯ নভেম্বর ২০২০ তারিখে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসাবে আটটি পাইলট উপজেলার প্রোমোটারদের অংশগ্রহণে জুম অ্যাপ্স-এ ভার্চুয়াল কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২৭) ১৬ নভেম্বর ২০২০ তারিখে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট-এর নবম সভা সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

(২৮) ১৭ ও ২৩ নভেম্বর ২০২০ তারিখে ২০১৯-২০২০ অর্থ-বছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার স্বমূল্যায়িত প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২৯) ২৫ নভেম্বর ২০২০ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প (ফেজ-২)-এর আওতায় অনলাইন সিস্টেম ক্রয় সংক্রান্ত সভা সচিব, সমন্বয় ও সংস্কার-এর সভাপতিত্বে জুম অ্যাপ্স-এ ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়।

(৩০) ২৪ নভেম্বর ২০২০ তারিখে ই-গভর্নমেন্ট র‍্যাংকিংয়ে বাংলাদেশের অবস্থার উন্নতিকরণ- শীর্ষক অনলাইন পলিসি ডায়লগ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে জুম এ্যাপের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

(৩১) ০৫ নভেম্বর ২০২০ তারিখে 'বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার' (BNDA) বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়।

(৩২) ২২ নভেম্বর ২০২০ তারিখে ভূমি রেকর্ড ও রেজিস্ট্রেশন ব্যবস্থার ডিজিটাইজেশনের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়।

(৩৩) ১৮ নভেম্বর ২০২০ তারিখে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস এবং কপিরাইট সংক্রান্ত কার্যক্রম বিষয়ক কমিটির সভা জুম এ্যাপের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়।

(৩৪) ২২ নভেম্বর ২০২০ তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটির ২৫তম সভা আয়োজন করা হয়।

(৩৫) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্তকরণ এবং মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২০-২১ অর্থবছরের এপিএ সংশোধন করা হয় এবং সমন্বিত মূল্যায়নপ্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়।

(৩৬) ১১, ১২, ১৮, ১৯, ২৩, ২৪, ২৫ ও ২৬ নভেম্বর ২০২০ তারিখে 'তথ্য অধিকার আইন, ২০০৯'-শীর্ষক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়সমূহের তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।

(৩৭) ৩০ নভেম্বর ২০২০ তারিখ সারাদেশে সুষ্ঠু নৌযোগাযোগ নিশ্চিত করার নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত পত্র সংশ্লিষ্টসকলের নিকটপ্রেরণ করা হয়।

(৩৮) হাসপাতালের বাইরে মৃত্যুবরণকারীদের জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ নির্ণয় সংক্রান্ত Verbal Autopsy (VA) এর কার্যক্রম Scale up সংক্রান্ত সভা গত ১৭ নভেম্বর ২০২০ তারিখে আয়োজন করা হয়।

(৩৯) Update Status of Kaligonj model Implementation in selected 13 Upazilas সংক্রান্ত অনলাইন সভা গত ১৮ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

(৪০) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্লীপিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ ক্লীপিংগুলি সাতটি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৪১) সমরপুস্তকের ১৪ জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র (জুলাই ২০২০ প্রান্তিক-এর) সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হচ্ছে।

গ. আগামী (ডিসেম্বর-জানুয়ারি) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা; সচিব সভা; সমন্বয় ও সংস্কার ইউনিটের দ্বি-মাসিক সমন্বয় সভা; সমন্বয় অনুবিভাগের মাসিক সমন্বয় সভা এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ কমিটি সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর ২০২০) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়কালে গৃহীত পরিকল্পনাসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নথিপত্র জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণ সংক্রান্ত কার্যাবলি।

(৫) 'আইনের খসড়া পরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র মতামতসমূহ WAR BOOK, 1977 (Revised in 2018)-এর খসড়ায় অন্তর্ভুক্তসহ সমরপুস্তক চূড়ান্তকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৭তম সভা অনুষ্ঠান।

(৭) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৮) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।